দৈনিক সংবাদ

তারিখ 2 1 OCT 1993
পৃষ্ঠা ৭ কলাম ৫

# কিন্ডার গার্টেনের ওপর আয়কর

।। জাফর ওয়াজেদ ।।

জাতীয় রাজস্ব বোর্ড কিন্ডার গার্টেন স্কুলগুলোর ওপর আয়কর ধার্য করেছে। প্রাথমিক পর্যায়ে ঢাকার ৫০টি স্কুলকে আয়কর পরিশোধের নোটিশ দেয়া হয়েছে। আরো শ'দুয়েক প্রতিষ্ঠানকে নোটিশ প্রদান প্রক্রিয়াধীন রয়েছে। এই প্রথম এ ধরনের কর ধার্য করা হলো।

স্বাধীনতা-পরবর্তী সময় থেকে দেশব্যাপী কিন্ডার গার্টেন গড়ে ওঠে। বর্তমানে এর সংখ্যা প্রায় ৪ হাজার। এতে কর্মরত শিক্ষকের সংখ্যা প্রায় ৪০ হাজার এবং অধ্যয়নরত শিক্ষার্থীর সংখ্যা প্রায় ৭ লাখ।

কিন্ডার গার্টেন ঃ পৃঃ ৬ কঃ ৭

## কিন্ডার গার্টেন ঃ আয়কর

( ১ম পৃষ্ঠার পর )

কিন্ডার গার্টেনগুলোকে সরকারী রেজিস্ট্রেশনের জন্য '৮৯ সালে এক প্রজ্ঞাপন জারি করা হয়। এতে বলা হয়, কিন্ডার গার্টেনগুলো যেখানে যে অবস্থায় থাকুক না কেন তারা যদি সরকারী নিয়মবিধি মেনে চলে তবে তাদের রেজিস্ট্রেশন দেয়া হবে। '৯০ সাল থেকে এ পর্যন্ত ১৬৭টি প্রতিষ্ঠান রেজিস্ট্রেশন পেয়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, জাতীয় রাজস্ব বোর্ড কিন্ডার গার্টেনগুলোর ব্যয়ের চেয়ে আয়ের পরিমাণ বেশি, এর কারণ ও যুক্তি উল্লেখ করে সম্প্রতি এগুলোর ওপর আয়কর ধার্যের সিদ্ধান্ত নেয়। আয়কর বিভাগ ৮৯ সালের আয়কর অধ্যাদেশের ৯৩ ধারানুযায়ী ৯২-৯৩ সালের আয়কর পরিশোধের জন্য এ মাসের গোড়ার দিকে ঢাকার ৫০টি কিন্ডার গার্টেনকে নোটিশ দিয়েছে। নোটিশে বলা হয়েছে ঃ ৯২-৯৩ সালের সংশ্লিষ্ট আয় বছরের ধার্যযোগ্য কর নির্ধারণ এড়িয়ে যাওয়া হয়েছে। পূর্বোক্ত আয়ের ওপর কর নির্ধারণের জন্য নোটিশ পাবার ৩৫ দিনের মধ্যে ৯২-৯৩ কর বছরের আয়কর রিটার্ন দাখিল করতে হবে। এই রিটার্নে কর ধার্যযোগ্য সমগ্র ব্যয়ের বিবরণ দিতে হবে।

সূত্র জানায়, আরো দু'শ' কিন্ডার গার্টেন স্কুলকে আয়কর পরিশোধের জন্য নোটিশ দেয়া হচ্ছে। আর্থিক দিক থেকে লাভজনক প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রেই এটা প্রযোজ্য হবে।